টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাক্সন সিন্ডিকেট

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

আধুনিক ডিজাইনের

= বিয়ের =

কার্ড

পণ্ডিত-প্রেসে পাবেন।

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ১লা বৈশাখ বুধবার, ১৩৭৭ ইং 15th April. 1970 | ৪৫শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## বিক্রয়

জঙ্গিপুর রোড ষ্টেশনের অনতিদূরে জাতীয় সড়কের চৌমাথায় পি, ডব্লিউ, ডি বাংলোর সম্মুখস্থ রাস্তার দক্ষিণ সংলগ্ন ২৫ কাঠা জায়গা বিক্রয় করা হইবে।

ডাঃ নির্ম্মলকুমার চৌধুরী
C/o. নগেন্দ্র ফার্ম্মেসী
পোঃ খাগড়া, জেলা মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের মনের মত ভাল বই সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

বক্তৃতাতে মানুষ ভোলান
দিয়ে চোখে ধুলো।
সমাজের গলদ এই
লক্ষীপ্যাঁচাগুলো।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

শুভ ১লা বৈশাখ বুধবার সন ১৩৭৭ সাল।

## 'সিণ্ডিকেটপন্থী' ভিণ্ডিকেট 'ইণ্ডিকেটপন্থী'

বহুদ্বন্দ্বে বিভক্ত আদি ও নব কংগ্রেস শত্রুতা ভুলিয়া পরস্পর মিত্রতার বন্ধনে আবদ্ধ হইতে চলিয়াছে বলিয়া জোর গুজব। আদি কংগ্রেসকে সিণ্ডিকেটপন্থী বলা হয়। অনুপ্রাসের খাতিরে 'নব'কে বলা যায় ইণ্ডিকেটপন্থী। সে যাই হোক, মিলন হইলে দুই দলই বলিবে 'আমার শোণিতে রয়েছে ধ্বনিতে তারি বিচিত্র সুর'; সুতরাং 'কেহ নহে নহে দূর'। দেশাই-পাতিল-কামরাজ গোষ্ঠী যেদিন রাম-গান্ধী-আমেদ গোষ্ঠীর সহিত মোকাবিলা করিতে নামিলেন, সেইদিন বুঝা গিয়াছিল, এই পারিবারিক মন-কষাকষি বেশীদিনের নয়।

মোদ্দা কথা এই যে, বাপুজীর কংগ্রেসে ফাটল কেন? কেন স্বর্গত নেহরুর স্নেহ-লালিত এই দলে দ্বন্দ্বের সূচনা? কেন সেখানে দুই শিবির গড়িয়া উঠিবে? অতএব এখন ও-সব বাদ দিয়া নূতন ম্যাণ্ডেট তৈরী কর। তাই কানা-কানি চলিতেছে। শিবির দুইটিতে শান্তির তথা সন্ধির দৌত্য চলিতেছে।

দুষ্ট লোকে বলিবে, কেন্দ্রে সম্প্রতি রাজ্যসভার নির্বাচন ইহাদের জ্ঞানচক্ষু খুলিয়া দিয়াছে। এই নির্বাচন ইণ্ডিকেটপন্থীদের পক্ষে যায় নাই। অধুনাখ্যাত নব-কংগ্রেসের শ্রীসুব্রহ্মণ্যম হারিয়া গিয়াছেন। মাদ্রাজ ও উড়িষ্যায় নব-কংগ্রেস হারিয়াছে। অন্ধ্র ও উত্তর প্রদেশেও টালমাটাল অবস্থা হইয়াছিল। অপর পক্ষে সিণ্ডিকেটপন্থীদের জয় জয়কার। এই দলের মোট তিনজন প্রার্থী ছিলেন। তাঁহারা বিজয়গৌরব লাভ করিয়াছেন।

শুনা যাইতেছে যে, ইণ্ডিকেট দলের অনেকেই এখন দুই কংগ্রেসের অস্তিত্ব রাখিতে নারাজ। অবস্থা বেগতিক বুঝিয়া নব-দের সন্ধি করার জোর কদম চলিতেছে। বিস্ময়ের কিছু নাই। অচির-কালের মধ্যে দুই কংগ্রেস এক হইয়া গেলে বলিতে পারা যায়—'দুইটি প্রাণে একটি হল, ভালবাসায়।' সোসালিজমের নানা দোহাই পাড়িয়া নব-কংগ্রেসকে টিকাইয়া রাখিতে বহু 'কোশিস্' হইয়াছে। গুজরাটে স্বতন্ত্র দলের মদত চাহিয়া ইঁহারা কোয়া-লিশন সরকার গঠনের জন্য চেষ্টিত। ওড়িশায় স্বতন্ত্র পার্টির সহিত নব-কংগ্রেসী নেতাদের খেল কম হয়নি। বিভিন্ন দলের সহিত আঁতাত করিতে নাকি নব-কংগ্রেস বহু প্রয়াস চালাইয়া আসিতেছেন; তাই অনেকে মনে করেন, এই দল আপন স্বাতন্ত্র্য টিকাইয়া রাখিতে পারেন কিনা। আর সেইজন্যই এই দুই ইউনিট জোড়া বলদের জোয়াল বহিতে চান।

সমুদ্রে উষ্ণ ও শীতল স্রোতের সঙ্গমস্থলে প্রচুর মাছ মিলে। কারণ উভয় স্রোতের মাছ একটা সম্পূর্ণ পরিবর্তিত পরিবেশে আসিয়া থমকাইয়া যায়। রাজনীতির কুটিল আবর্তে পড়িয়া এইরূপ থমকাইয়া যাওয়া লোক বহু মিলিতে পারে। তবে '৭২' এর নির্বাচনী সূর্য্যোদয় তাহার প্রাক-উদয়ের রক্তরাগ ছড়াইয়া দিয়াছে। এই কারণে এই প্রস্তুতি কিনা কে জানে। কিন্তু যাহা হইবে তাহা এই যে, সিণ্ডিকেটপন্থীরা আবার সমস্ত দলের উপর খবরদারী করিতে পারিবেন। কামরাজ-ঘোষ-দেশাই এর সুদিন সমাগত। গান্ধী-রাম কি অসহায় বোধ করিতেছেন? নন্দাজী একবার ছদ্মবেশে বাহির হইয়া অবস্থাটা প্রত্যক্ষ করুন।

---

## সি, পি, এম শ্রেণী-সংগ্রামের নামে গরীবকে লেলিয়ে দিয়েছেন।

—অজয় মুখোপাধ্যায়

পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় গত ৯ই এপ্রিল বৃহস্পতিবার বহরমপুর এক্সজিবিশন ময়দানে এক বিরাট জনসভায় ভাষণ দেন। তিনি বলেন—সি, পি, এম এর আগ্রাসী মনোভাব সাধারণ মানুষকে দুর্দশার মধ্যে ফেলেছে। সাধারণ কল্যাণের জন্য গঠিত যুক্তফ্রণ্টকে ধ্বংস করেছে। লাল রুমাল গলায় বেঁধে ইনকিলাবি দলের সভ্যরা ত্রাসের রাজ্য সৃষ্টি করেছেন। অজয়-বাবুর ভাষণের সময় সমবেত জনতা বার বার তাঁকে করতালি দিয়ে অভিনন্দন জানান। এই সভাটিকে বহরমপুর শহরে অনুষ্ঠিত রাজনৈতিক সমাবেশগুলির মধ্যে সর্ববৃহৎ বলিলে অত্যুক্তি হইবে না। এস, এস, পি নেতা শ্রীকাশীকান্ত মৈত্র দীর্ঘ বক্তৃতা করেন। বাংলা কংগ্রেসের সহসভাপতি শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য সভায় সভাপতিত্ব করেন।

---

## কালো-দিবস পালন

গত ১১ই এপ্রিল শনিবার বর্ধমানের সি, পি, এম কর্তৃক নৃশংস হত্যাকাণ্ড, দ্রব্যমূল্য বৃদ্ধি, ও গত তের মাসে যুক্তফ্রণ্ট সরকারের মধ্যে যে অরাজকতা তারই প্রতিবাদে যে কালো-দিবসের ডাক দেওয়া হয়েছিল তা জঙ্গিপুর শহরে বিশেষভাবে পালিত হয়। জঙ্গিপুরের ছাত্র-পরিষদ কর্ম্মী ও সমর্থকরা কালো ব্যাজ ধারণ করে ও কালো পতাকা হাতে নিয়ে স্কুল কলেজের বহু ছাত্রকে একত্রিত করে সর্ব্বপ্রথম কলেজ থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয় ও সেই মিছিল জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের সমস্ত রাস্তা পরিক্রমা করে পরিশেষে শহরের এক প্রান্তে গিয়ে ছাত্র-পরিষদের নেতারা ছাত্র ও জনগণের সামনে নিজ নিজ বক্তব্য রাখেন। এইদিন বক্তৃতা দেন সর্ব্বশ্রী চিত্তরঞ্জন মুখার্জী, দিলীপ সিংহ এবং মিছিলে নেতৃত্ব দেন শ্রীআলতাব হোসেন, মহঃ বদরুজ্জমান ও রবীন্দ্রকুমার পণ্ডিত। এইদিন গ্রাম ও শহরের বহু লোককে কালো ব্যাজ ধারণ করতে দেখা গিয়াছিল।

## জঙ্গিপুর ও ধুলিয়ান পৌর কর্মীদের প্রতীক ধর্মঘট

গত ১১ই এপ্রিল শনিবার পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরসভার কর্মীরা সাত দফা দাবীর ভিত্তিতে একদিনের জন্য প্রতীক ধর্মঘট করেন। জঙ্গিপুর ও ধুলিয়ান পৌর কর্মীরাও এই ধর্মঘটে সাড়া দেন। এইদিন সকালের দিকে রঘুনাথগঞ্জে ধুলিয়ান ও জঙ্গিপুর পৌর কর্মীরা একত্রে সমবেত হন। সমবেত কর্মীদের এক শোভাযাত্রা সারা শহর প্রদক্ষিণ করে স্থানীয় মহকুমা শাসকের কাছে একটি স্মারক-লিপি পেশ করেন। মহকুমা শাসক কয়েকটি দাবীর ব্যাপারে পৌরপিতার সাথে আলোচনা করবেন ও অন্যান্য দাবীর কথা রাজ্য সরকারকে জানাবেন বলে প্রতিনিধিদের আশ্বাস দেন। ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল ওয়ার্কমেন্স্ ফেডারেশন এই ধর্মঘটের ডাক দেন।

## বৈশ্বানরের তাণ্ডব নৃত্য

### জিয়াগঞ্জ বাজার পুড়ে ছারখার

গত ৬ই এপ্রিল সোমবার রাত্রে জিয়াগঞ্জ বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। এই অগ্নিকাণ্ডের ফলে বাজারের ছোট থেকে বড় ব্যবসায়ী সকলেই ক্ষতিগ্রস্ত হন। নিয়তির নিঠুর পরিহাস যুগে যুগে সময়ে সময়ে এই ভাবেই চলে। বহরমপুর থেকে দমকল বাহিনী এসে যখন আগুন নেভালো তখন চার থেকে পাঁচ লক্ষ টাকা (আনুমানিক) ক্ষতি হয়ে গেছে। বিকালে যেটা ছিল শহরের কেন্দ্রস্থল, পরদিন সকালে সেটাই পরিণত হ'ল ধ্বংসস্তুপে। জিয়াগঞ্জ শহরের বুকে এইরকম ভয়াবহ অগ্নিকাণ্ড এই প্রথম।

### মর্মান্তিক ঘটনা

গত ১০ই এপ্রিল শুক্রবার সন্ধ্যায় আজিমগঞ্জের বিশ্বনাথ দাস নামক এক যুবক (৩০) আজিমগঞ্জ সিটি ষ্টেশনে ট্রেনে কাটা পরে মারা গেছে। ঘটনার বিবরণে প্রকাশ, পারিবারিক অশান্তিই এই মৃত্যুর মূল কারণ। শবদেহ ময়না তদন্তের পর আজিমগঞ্জ শ্মশানে দাহ করা হয়। তাহার আকস্মিক মৃত্যুর জন্য বাজারের অনেক দোকান বন্ধ রাখা হয়।

## হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

কেন্দ্রীয় রেলমন্ত্রী বলেছেন যে, দুই কংগ্রেসের মধ্যে ঐক্যের আর কোনও সম্ভাবনা নেই। নন্দজীর মতে তাঁরাই হলেন প্রকৃত কংগ্রেস।

সেই জন্যেই রাজ্যসভার সাম্প্রতিক নির্বাচনে তাঁদের মনোনীত প্রার্থীদের বেশ কিছু 'বিষণ্ণ চেহারা দেখিয়েছেন'।

* * *

'বর্দ্ধমানে সাঁই বাড়িতে নৃশংস হত্যার প্রতিবাদে নানাস্থানে অনশন'—সংবাদ

অশান্তি ক্রমবর্দ্ধমান।

* * *

সৎপুত্র হাবার দাবী—"একটা 'বুল ওয়ার্কার' কিনে দাও না! দেখছ না লিখেছে 'নাবালককে শক্তিশালী পুরুষে পরিণত করে'।"

নও মস্তান হতে চায় কি না।

* * *

উপদেষ্টা নিয়োগ ব্যাপারে নয়াদিল্লীতে 'প্রধানমন্ত্রী সকাশে শ্রীধাওয়ান'।

ধাওয়ান ধাবমান,
প্রশাসনে আগুয়ান।

* * *

রায়গঞ্জে শ্রীঅজয় মুখার্জী বলেছেন যে, জনগণের দুর্গতির জন্য সি, পি, এম, দায়ী।

বাংলা কংগ্রেস তথা অপরাপর ফ্রন্ট-শরিক একেবারে ধোয়া তুলসীপাতা। ফ্রন্টরসিকদের মাহাত্ম্য কত!

* * *

একটি প্রশ্ন: আমাকে ছেলেরা যমের মত ভয় করে, অথচ আমার পুত্র আমাকে গ্রাহ্য করে না। কি করি বলুন তো?

এক পুরিয়া পটাসিয়াম সায়ানাইড সেবন করুন।

* * *

শ্রীপ্রমোদ দাশগুপ্ত মনে করেন যে, ধর্মের গোঁড়ামি পার্টির সমাজতান্ত্রিক বিপ্লবকে এগুতে দিচ্ছে না। এত বারোয়ারি পুজো কোথাও হয় না।

—সাব্বাস! পার্টির গোঁড়ামি কিন্তু নানা দিক থেকে কার্যকরী। ছি ছি, বারোয়ারি পুজো না হলে ইয়ার-দোস্তরা বেকার হবেন যে! উইথড্র করুন।

## নববর্ষের প্রার্থনা

(সু—মো—দে)

আবার আসিল নূতন বরষ
আনন্দ প্রণোদনা,
জাতীয় জীবন সুন্দর হোক
মহাকালে প্রার্থনা।
অন্ন অভাব ভিক্ষুক জাতি
শরিকী লড়ায়ে করি মাতামাতি,
আর কিবা আছে জানিনা ভাগ্যে
জীবনের যন্ত্রণা;
আবার আসিল নূতন বরষ
আনন্দ প্রণোদনা।
আজিকার দিনে কামনা জানাই
দু'বেলা দু'মুঠো খেতে যেন পাই,
এর বেশী আর চাহিনা কিছুই
দূর হোক লাঞ্ছনা;
আবার আসিল নূতন বরষ
আনন্দ প্রণোদনা।

শুভ নববর্ষে সকলকে সমৃদ্ধির শুভ কামনা সহ অভিনন্দন জানাই—

—ষ্টুডেন্টস্ ফেভারিট

## এজলাসে জুতো নিক্ষেপ

গত ৯ই এপ্রিল দুপুরে জঙ্গিপুরের জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট মাননীয় শ্রীসত্যনারায়ণ মুখোপাধ্যায়-এর এজলাসে অরঙ্গবাদের হকি সেখ নামক এক আসামীকে পুলিশ হাজির করে। হকি সেখের বিরুদ্ধে দুটি অভিযোগ আছে। সি, আর ৮০০/৬৯ ধারা ৩৭৯/৪১১ ৬৮৫/৬৯ ধারা ৩৯২। প্রথম

—পর পৃষ্ঠায় দেখুন

খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

জবাকুসুম কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬


অভিযোগের জন্য আজ আসামীকে হাজির করিয়ে জামিন হয়ে গিয়াছে, পরের অভিযোগের জন্য পুলিশ হকি সেখ ও দুজন জামিন প্রাপ্ত আসামী কৃষ্ণগোপাল গোস্বামী ও ঐ কোর্টের জনৈক মোহরার শ্রীশচীন তেওয়ারী এক সাথে কাঠ গড়ায় দাঁড়ালে আসামীদের মধ্যে থেকে হকি সেখ হাকিমের নিকট আবেদন করে— আমি অনেক দিন ধরে জেলখানায় আছি, আপনি আজই যা হয় করুন। ওদিকে মোক্তার বাবু হাকিমের সামনে হকি সেখের জামিনের জন্য আবেদন জানাচ্ছেন—কিন্তু এর মধ্যেই হকি সেখ পায়ের জুতো হাকিমের উদ্দেশ্যে নিক্ষেপ করল। হঠাৎ সারা আদালত স্তব্ধ হয়ে পড়ে। তারপর আবার বিচার আরম্ভ হয়। হাকিমের প্রতি জুতো নিক্ষেপের জন্য হকি সেখের বিচার হলো—দুশো টাকা জরিমানা না হয় এক মাস জেল।

### পানীয় জলাভাব

সাগরদীঘি ব্লকের ৯নং মোড়গ্রাম অঞ্চলের জন্‌সী (উদয়নগর) গ্রামে ৩০/৩৫ ঘর গরীব গৃহস্থের বাস। এই গ্রামে একটি টিউবওয়েল ছিল উহা খারাপ হয়ে গিয়েছে। এই গ্রামে পানীয় জলের কোন ব্যবস্থা না থাকায় গ্রামের বাসিন্দাগণ ভীষণ মুস্কিলে পড়েছে। ১ মাইল দূরবর্ত্তী ফুলশহরী গ্রামের টিউবওয়েল হইতে পানীয় জল সংগ্রহ করা সকলের পক্ষে সম্ভব নহে। অচিরে একটি টিউবওয়েল বসাবার ব্যবস্থা করার জন্য জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করি।


ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।